সংবাদ

তারিখ 25 JUL 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# জগন্নাথে ছাত্রলীগ দু'গ্রুপে সংঘর্ষ ২ নেতা আহত

নিজস্ব বার্তা পরিবেশক

মোটরসাইকেল ছিনতাইয়ের ঘটনাকে কেন্দ্র করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে দুই নেতা আহত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যার পর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ঘটনা ঘটে। আহত ছাত্রলীগ নেতা ইমরান সালেহ প্রিন্স ও আবুল কাশেমকে স্থানীয় সুমনা ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

ছাত্রলীগ সূত্র জানায়, গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতা আবুল কাশেম ক্যাম্পাস থেকে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ক্রীড়া সম্পাদক ইমরান সালেহ প্রিন্সের মোটরসাইকেল নিয়ে ধোলাইখাল সংঘর্ষ : পৃষ্ঠা : ২ ক : ৭

## সংঘর্ষ : জগন্নাথে

(১ম পৃষ্ঠার পর)

বিক্রি করতে যায়। মোটর সাইকেলটি চিনতে পেরে ধোলাইখালের এক ব্যবসায়ী মোটরসাইকেল আটক করে এর মালিক ইমরান সালেহ প্রিন্সকে খবর দেয়। সন্ধ্যার দিকে মোটরসাইকেল উদ্ধারের পর ইমরান আবুল কাশেমকে ক্যাম্পাসের সামনে একটি হোটেলে ডেকে নিয়ে বিষয়টি জানতে চাইলে আবুল কাশেম ও তার গ্রুপ ইমরানকে মারধর করে মাথা ফাটিয়ে দেয়। পরে তাকে সুমনা হাসপাতালে ভর্তি করা হয়। এর জের হিসেবে রাত ৮টার দিকে ইমরানের লোকজন ক্যাম্পাস থেকে আবুল কাশেমকে ধরে ব্যাপক মারধর করে। তাকেও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ও কেন্দ্রীয় ছাত্রলীগের সহসভাপতি ক্যামেল হোসেন ঢালী 'সংবাদ'কে জানান, তারা বিষয়টি শুনেছেন। ভুল বোঝাবুঝির কারণে এমন ঘটনা ঘটেছে। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকের সঙ্গে আলাপ করে এ ব্যাপারে সাংগঠনিকভাবে সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান।